গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(নেজারত শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০১৪.০২.০০৫.২২-৬৪৮

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ মে ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার পত্র নং ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৩.১৬-৬৪, তারিখ: ১২ মে, ২০২২ খ্রি. এর পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ এবং সার্কিট হাউজের শূন্য পদসমূহ সরাসরি পূরণের লক্ষে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে নির্ধারিত ফরমে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহায়ক | ১২(বারো)টি | ২০তম গ্রেড- ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ২ | নিরাপত্তা প্রহরী | ১৩(তেরো)টি | ২০তম গ্রেড- ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ৩ | পরিচ্ছন্নতাকর্মী | ৮(আট)টি | ২০তম গ্রেড- ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (৮০% পদ জাত হরিজনগণের জন্য সংরক্ষিত থাকবে) |
| ৪ | বাবুর্চি | ০১(এক)টি | ২০তম গ্রেড- ৮২৫০-২০০১০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (খ) রান্নার কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |

### শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত আবেদন ফরমটি www.rajshahi.gov.bd ওয়েবসাইটে এবং জেলা প্রশাসকের কার্যালয়ের নেজারত শাখায় পাওয়া যাবে। পূরণকৃত আবেদন ফরম ডাকযোগে আগামী ১৫/০৬/২০২২ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৩। নির্ধারিত আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৪। প্রার্থীর বয়স আগামী ১৫/০৬/২০২২ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপনের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৭। আবেদনকারীগণকে জেলা প্রশাসক, রাজশাহী বরাবর আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রার্থীর সদ্য তোলা ৫X৫ সে:মি: সাইজের সত্যায়িত রঙিন ছবি ০৪(চার) কপি এবং স্ট্যাম্প সাইজের রঙিন ছবি ০৪(চার) কপি।

(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্যক্ষেত্রে) সত্যায়িত কপি

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী আবেদনকারী চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(চ) ট্রেজারী চলানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা কোড নং- ১-০৭৪২-০০০০-২০৩১ এ জমা করে চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(ছ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১৫/-(পনের) টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫" X ১০" সাইজের ফেরত খাম আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপর নিজ যোগাযোগের ঠিকানাসহ পদের নাম উল্লেখ করতে হবে।

০৮। কোটা/বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনপত্রের খামের উপর উল্লেখ করতে হবে এবং কোটার সমর্থনে বিধি মোতাবেক দলিলাদি/সনদপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। সকল কাগজপত্র/ছবি এবং অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম সম্বলিত সীলসহ ) হতে হবে।

১০। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগণের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল সনদ/কাগজপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১১। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে লিখিত/মৌখিক/উভয় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল পূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


(আব্দুল জলিল)
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন নম্বর : ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)
dcrajshahi@mopa.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০১৪.০২.০০৫.২২-৬৪৮(১২৭)

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ / ১৭ মে ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। জেলা প্রশাসক, ...............................(সকল)
০৬। সিভিল সার্জন, রাজশাহী
০৭। পুলিশ সুপার, রাজশাহী
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী
০৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
১০। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
১১। উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), রাজশাহী
১২। সহকারী কমিশনার (ভূমি),.................................(সকল), রাজশাহী
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা..................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
১৪। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, রাজশাহী
১৫। জেলা তথ্য অফিসার, রাজশাহী
১৬। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
১৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সংবাদ, ঢাকা
১৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সোনার দেশ, রাজশাহী
১৯। ওয়েবসাইট/নোটিশ বোর্ড

উল্লিখিত বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত আগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় (৩"X৭") এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২(দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
রাজশাহী

# চাকরির আবেদন ফরম

বরাবর

.......................................

.......................................

.......................................

| ছবি |
|---|
| ৫×৫ সে.মি. আকারের সম্প্রতি তোলা দুই কপি সত্যায়িত রঙিন ছবি স্ট্যাপল করতে হবে |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্মস্থান (জেলা): | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | | |
| ৮. | পিতার নাম: | | | | | | | | | | | |
| ৯. | মাতার নাম: | | | | | | | | | | | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা/থানা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | | | | | |
| ২১. | বিভাগীয়/চাকরিরত প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর

# প্রবেশপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(নেজারত শাখা)
www.rajshahi.gov.bd

৫X৫ সে.মি. ছবি (সম্প্রতি তোলা এক কপি সত্যায়িত রঙ্গিন ছবি

(অফিস কর্তৃক পূরণীয়)

রোল নং-

জেলা: রাজশাহী

পরীক্ষা কেন্দ্রের নাম: ....................................

পরীক্ষার তারিখ: ....................................

পরীক্ষার সময়: ....................................

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

পদের নাম: ....................................

নাম: ....................................

পিতা/স্বামীর নাম:....................................

বর্তমান ঠিকানা:....................................

....................................

....................................

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।
২। মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোন ইলেকট্রনিক্স জিনিসপত্র নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে আবশ্যিকভাবে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।
৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এটি পরবর্তী মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে; নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

জেলা প্রশাসক
রাজশাহী

বিঃ দ্রঃ এই প্রবেশপত্রসহ দুই কপি আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।